ফিনল্যান্ড

# রিসেপশনে আপনার অধিকার ও বাধ্যবাধকতা



**এই তথ্যগুলো আপনার জানার জন্য, যদি:**

- আপনি একজন প্রাপ্তবয়স্ক (18 বছর বা তার বেশি) হন
- আপনি কর্তৃপক্ষকে বলেছেন যে আপনি আন্তর্জাতিক সুরক্ষা (এছাড়াও অ্যাসাইলাম নামে পরিচিত) এর জন্য **ফিনল্যান্ডে** আবেদন করতে চান এবং আপনি এখন আন্তর্জাতিক সুরক্ষা পাওয়ার জন্য আবেদনকারী।

**আপনি এই দেশে নিরাপদ আছেন।**

BENGALI

# রিসেপশন কী?

রিসেপশন হলো আপনি আবেদন করার পর কর্তৃপক্ষ আপনার আবেদন পরীক্ষা করা পর্যন্ত যে সহায়তা পাবেন যেমন থাকার জায়গা, খাবার ইত্যাদি। এর মধ্যে রিসেপশনে প্রাপ্ত অধিকার এবং বাধ্যবাধকতা অন্তর্ভুক্ত রয়েছে যা এই ব্রোশিওরে ব্যাখ্যা করা হয়েছে।

ফিনল্যান্ডে অভিবাসী অভ্যর্থনা বা রিসেপশন ব্যবস্থার দায়িত্বে থাকা কর্তৃপক্ষ হলো অভিবাসন অধিদপ্তর। আপনার আবেদনটি প্রক্রিয়াকরণ বা যাচাই-বাছাইয়ের দায়িত্বে থাকা কর্তৃপক্ষও হলো অভিবাসন অধিদপ্তর।



অভিবাসন অধিদপ্তর বা রিসেপশন সেন্টারের কর্মীরা আপনার কাছে এই মর্মে একটি নিশ্চয়তা নিশ্চিত ও স্বাক্ষর করার অনুরোধ করবেন যে, আপনি এই ব্রোশিওর বা পুস্তিকার তথ্যগুলো পেয়েছেন। আপনি যখন আপনার আবেদনটি নিবন্ধন (রেজিস্ট্রেশন) করবেন, তখন এ বিষয়ে আরও বিস্তারিত তথ্য পাবেন।

**দোভাষী** আপনাকে প্রয়োজন অনুযায়ী এমন একটি ভাষায় কর্মীদের সাথে যোগাযোগ করতে সাহায্য করবেন যা আপনি বোঝেন। আপনি দোভাষীকে যা কিছু বলেছেন, তিনি তা অন্য কাউকে বলবেন না (অর্থাৎ সম্পূর্ণ গোপন রাখবেন)।

**অ্যাসাইলাম প্রসিডিউর ও যে নিয়মগুলো মানতে হবে সেগুলি আলাদা ব্রোশিওরে আছে।**

আপনি অন্য কোনো সংগঠন থেকেও বিনামূল্যে তথ্য ও সাহায্য চাইতে পারেন। এই ব্রোশিওরে শেষে সংগঠনগুলোর একটি তালিকা থাকবে।

## আপনি এখন ফিনল্যান্ডে আছেন, যা একটি EU+ দেশ।
**EU+ দেশগুলি হল:**

- ইউরোপিয়ান ইউনিয়ন (EU) এর 27 সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড প্রজাতন্ত্র, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রীস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বুলগেরিয়া, বেলজিয়াম, মাল্টা, রোমানিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং

- 4টি অন্যান্য দেশ: আইসল্যান্ড নরওয়ে, লিশটেনস্টাইন, সুইজারল্যান্ড।

**সাবধান!**

অ্যাসাইলামের জন্য আবেদন করা এবং অন্য EU+ দেশে ভ্রমণ করার নিয়মাবলি রয়েছে।

**আপনি যে EU+ দেশে প্রথম পৌঁছেছিলে, সেখানে আপনাকে অ্যাসাইলামের জন্য আবেদন করতে হবে এবং সেটি রেজিস্টার করতে হবে**, যদি না কর্তৃপক্ষ আপনাকে অন্য কিছু করতে বলে।

**আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করার জন্য শুধুমাত্র একটি EU+ দেশ দায়িত্বশীল।** ফিনল্যান্ড এর কর্তৃপক্ষ একটি পদ্ধতি অনুসরণ করবে যাতে ঠিক হবে কোন EU+ দেশ আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করবে।

**আপনাকে থাকতে হবে ফিনল্যান্ডে । কর্তৃপক্ষের অনুমতি ছাড়া আপনি অন্য কোনও EU+ দেশে যেতে পারবেন না।** আপনি যদি চলে যান, তাহলে তার ফল খারাপ হতে পারে। আপনার অ্যাসাইলাম প্রসিডিউর **ফিনল্যান্ডে** বন্ধ হয়ে যেতে পারে। অন্য দেশে আপনার চলাচলের স্বাধীনতা সীমাবদ্ধ হতে পারে এবং কিছু রিসেপশন পরিষেবা বাতিল করা হবে।

# আপনি কী কী পাবেন?

যদি আপনার রিসেপশন ভাতার প্রয়োজন হয়, তবে আপনাকে আপনার রিসেপশন সেন্টারে এর জন্য আবেদন করতে হবে। আপনার আবেদনে আপনার আয় এবং সম্পদের বিবরণ দিতে হবে। আপনার ব্যক্তিগত এবং আর্থিক পরিস্থিতির ওপর ভিত্তি করে আপনি পাবেন :



- থাকার ব্যবস্থা



- নিজেকে পরিষ্কার রাখার উপকরণ



- খাবার



- কাপড়




- দৈনন্দিন খরচের জন্য অর্থ

[সহায়তা কীভাবে প্রদান করা হচ্ছে তার ওপর ভিত্তি করে সদস্য রাষ্ট্র নগদ অর্থ (ক্যাশ) অথবা কার্ড প্রদর্শনকারী আইকন দুটির যেকোনো একটি বেছে নিতে পারে; অপ্রয়োজনীয় আইকনটি মুছে ফেলুন।]

আপনার ব্যক্তিগত এবং আর্থিক পরিস্থিতি আরও ভালোভাবে বোঝার জন্য রিসেপশন সেন্টারের কর্মীরা আপনাকে বিভিন্ন প্রশ্ন জিজ্ঞাসা করবেন।

এটি সম্ভব যে, আপনি কেবল এমন একটি জায়গাতেই সহায়তা এবং পরিষেবাগুলো পাবেন যা কর্তৃপক্ষ নির্ধারণ বা সিদ্ধান্ত নিয়েছে।


# স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার

কর্তৃপক্ষ নিশ্চিত করবে যে আপনি **প্রয়োজনীয় স্বাস্থ্য পরিষেবা পাচ্ছেন**।

আপনাকে একটি স্বাস্থ্য পরীক্ষা (হেলথ চেক-আপ)-এর সুবিধা দেওয়া হবে। একজন চিকিৎসক (ডাক্তার) অথবা নার্স আপনার স্বাস্থ্য পরিস্থিতি পরীক্ষা করবেন এবং আপনাকে সাহায্য করবেন।



## কর্মীদের জানান যদি:



- আপনি যদি 18 বছরের নিচে হন এবং মা-বাবা ছাড়া একা বা অন্য আত্মীয়দের সঙ্গে এসে থাকেন।
- আপনি অসুস্থ বা আহত হলে
- আপনি যদি গর্ভবতী হন বা হতে পারেন বলে মনে হয়
- আপনার পরিবারে কারো বিশেষ সহায়তার প্রয়োজন হলে
- আপনার কোনো শারীরিক অক্ষমতা থাকলে
- আপনি যদি সবসময় বিষণ্ন থাকেন, চিন্তিত থাকেন, ঘুমাতে না পারেন বা মনের মধ্যে খারাপ চিন্তা আসে
- আপনার সাথে কেউ খারাপ ব্যবহার করে
- আপনি যদি কখনো নিরাপদ না মনে করেন বা কাউকে ভয় পান
- অন্য যেকোনো অবস্থায় আপনার সাহায্যের দরকার হলে।

**আপনি কর্মীদের বিশ্বাস করতে পারেন এবং খোলামেলা ভাবে কথা বলতে পারেন তারা আপনাকে সাহায্য করবে**। আপনার বলা সব কথা গোপন রাখা হবে আপনার অনুমতি ছাড়া কাউকে বলা হবে না।

শুধু তখনই জানানো হবে যদি আপনার জীবন বা অন্য কারো জীবন বিপদে থাকে।

## শিশুদের শিক্ষার অধিকার



১৮ বছরের কম বয়সী সকল শিশুর ছেলে এবং মেয়ে উভয়েরই শিক্ষার অধিকার রয়েছে।

## কাজ করার ও প্রশিক্ষণ নেওয়ার অধিকার







আপনার পরিস্থিতির ওপর নির্ভর করে, নির্দিষ্ট কিছু শর্ত সাপেক্ষে ফিনল্যান্ডে আপনার কাজ করার অধিকার থাকতে পারে। আপনি কোন কোন শর্তে কাজ করার অধিকার পাবেন, তা কর্মীবৃন্দ আপনাকে জানিয়ে দেবে।

তারা আপনাকে বলবে কোন কোর্স বা প্রশিক্ষণ নিতে পারেন।

## আপনি কোথায় থাকবেন?



কর্তৃপক্ষ আপনাকে জানিয়ে দেবে যে আপনার আবাসন কোথায় হবে এবং সেই সংক্রান্ত শর্তাবলি সম্পর্কেও আপনাকে অবহিত করবে।

আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনটির পরীক্ষা চলাকালে আপনি কোথায় থাকবেন, তা অনেক বিষয়ের উপর নির্ভর করে।

**কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে যে আপনাকে একটি নির্দিষ্ট ভৌগোলিক এলাকার মধ্যে অবস্থান করতে হবে বা থাকতে হবে।**

**সাবধান!**

কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে যে **আপনাকে একটি নির্দিষ্ট জায়গায়** (উদাহরণস্বরূপ একটি নির্দিষ্ট রিসেপশন সেন্টারে বা অভিবাসী কেন্দ্রে) অবস্থান করতে হবে।

আপনি নির্দিষ্ট কিছু শর্ত বা সীমাবদ্ধতা সাপেক্ষে ওই জায়গা থেকে স্বাধীনভাবে বাইরে যেতে পারবেন। তবে ওই জায়গায় আপনার উপস্থিতি নিয়মিতভাবে পরীক্ষা বা যাচাই করা হবে।



**আপনি যেখানে থাকেন না কেন, আপনার কিছু অধিকার আছে:**



- **নিরাপদ থাকা:** কেউ, এমনকি কর্মীরাও আপনাকে ভয় দেখাতে, অপমান করতে বা ক্ষতি করতে পারবেন না



- **আপনি আপনার স্বামী, স্ত্রী, সন্তান বা 18 বছরের নিচের ভাইবোনদের সঙ্গে থাকতে পারেন – অথবা কোনো প্রাপ্তবয়স্ক আত্মীয়ের সঙ্গে যার প্রতিদিন যত্নের প্রয়োজন**
- **আপনার যদি প্রতিদিন যত্নের প্রয়োজন** এমন প্রাপ্তবয়স্ক হন, তবে আত্মীয়দের সঙ্গে থাকতে পারবেন



- **আপনি যদি না জানেন আপনার পরিবার কোথায় আছে,** তবে তাদের সঙ্গে **যোগাযোগ করার ও তাদের খুঁজে পাওয়ার জন্য** সাহায্য পান।

# যে অবস্থায় কোনো আবেদনকারীকে আটক করা যেতে পারে

আটক মানে হলো আপনাকে এমন একটি জায়গায় রাখা হয়েছে, যেখান থেকে আপনি ইচ্ছেমতো বের হতে পারবেন না। আপনাকে আটক করতে হলে কর্তৃপক্ষের বৈধ কারণ থাকতে হবে। তারা নিশ্চিত হতে হবে যে আপনার ক্ষেত্রে অন্য কোনো বিকল্প নেই।পুলিশ বা সীমান্তরক্ষী বাহিনী কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার ব্যক্তিগত পরিস্থিতি বিবেচনা করবে।



আটক করার কারণগুলোর মধ্যে হতে পারে যেমন:

- আপনার অ্যাসাইলাম আবেদনের গুরুত্বপূর্ণ অংশ (যেমন আপনার পরিচয়) আটক করা ছাড়া যাচাই করা সম্ভব নয়
- আপনি নির্দিষ্ট স্থানে থাকার বাধ্যবাধকতা মানেননি, এবং আবার চলে যাওয়ার ঝুঁকি রয়েছে এবং কর্তৃপক্ষ আপনার কাছে পৌঁছাতে পারছে না
- আপনার অ্যাসাইলাম আবেদন যে EU+ দেশ পরীক্ষা করবে সেখানে পাঠানোর সিদ্ধান্ত হয়েছে, কিন্তু আপনি স্থানান্তরের আগে চলে যেতে পারেন
- আপনি নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে বিবেচিত হলে।

আপনি যদি আটক হন, তবে সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবেন। আপনি বিনামূল্যে আইনি সহায়তা ও আইনি প্রতিনিধি চাইতে পারেন।



## এই পর্যায়ে আপনার রিসেপশন সংক্রান্ত কী কী বাধ্যবাধকতা আছে?

**নিচে আপনার মানতে হবে এমন কিছু বাধ্যবাধকতা লেখা আছে।**



- ✔ এই দেশের আইন মেনে চলবেন।
- ✔ ফিনল্যান্ডে থাকবেন এবং কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে যাবেন না।
- ✖ যে জায়গায় থাকতে কর্তৃপক্ষ বলেছে, অনুমতি ছাড়া সেই জায়গা ছেড়ে যাবেন না।
- ✔ যেখানে থাকছেন, সেই জায়গার নিয়মগুলো মেনে চলবেন।
- ✔ আপনার যোগাযোগের ঠিকানা বা ফোন নম্বর পরিবর্তন হলে কর্তৃপক্ষকে জানাবেন।

## যদি আপনি আপনার বাধ্যবাধকতাগুলি পালন না করেন, তাহলে কী হবে?

কর্তৃপক্ষ আপনার অবস্থা যাচাই করে জানাবে তারা কী পদক্ষেপ নেবে।

**আপনি হয়তো কম সহায়তা পেতে পারেন,** যদি উদাহরণস্বরূপ—আপনি কর্তৃপক্ষের দ্বারা নির্ধারিত আবাসন বা থাকার জায়গা থেকে অনুমতি ছাড়া চলে যান, অথবা আপনি যদি ইতিমধ্যে অন্য কোনো EU+ দেশে রাজনৈতিক আশ্রয়ের আবেদন করে সেখান থেকে চলে আসেন।

**আপনি যে সহায়তা পাচ্ছেন তা বন্ধ হয়ে যেতে পারে** যদি আপনি সহিংস আচরণ করেন, অন্যদের ভয় দেখান বা বারবার বা গুরুতরভাবে নিয়ম ভঙ্গ করেন।





## আপনি যদি কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে যান, তাহলে কী হবে?




**ফিনল্যান্ডে**

- আপনার অ্যাসাইলাম প্রসিডিউর বন্ধ হয়ে যেতে পারে।

**যে EU+ দেশে আপনি অনুমতি ছাড়া গিয়েছিলেন:**

- কর্তৃপক্ষ আপনাকে সেখানে ফেরত পাঠানোর সিদ্ধান্ত নিতে পারে সেই দেশে থেকে আপনি অনুমতি ছাড়া এসেছিলেন।

কতৃপক্ষ আপনাকে ফেরত পাঠানোর সিদ্ধান্ত জানালে তখন থেকেই আপনার কিছু অধিকার থাকবে না, যেমন:

- আপনি **বেশ কিছু ধরনের সহায়তা পাবেন না**
- আপনি আর **কাজ করতে বা কোর্সে অংশ নিতে পারবেন না।**

## আপনি কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন এবং আইনগত সহায়তা পেতে পারেন।

যদি কর্তৃপক্ষ আবেদনকারীর অধিকার সীমিত করার সিদ্ধান্ত নেয় এবং আপনি মনে করুন এটি অবিচার, **তাহলে আপনি সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন** ।

আপনার পরিস্থিতির উপর নির্ভর করে, আপনি বিনামূল্যে আইনগত সহায়তা এবং প্রতিনিধিত্ব পেতে পারেন। এটার মানে হলো একজন আইন পরামর্শদাতা বা আইনজীবী আপনাকে সাহায্য করবেন।

আপনি সবসময় কর্তৃপক্ষ, বে-সরকারি প্রতিষ্ঠান বা UNHCR-এর কাছে আরও তথ্য জানতে পারেন, যার মধ্যে উপলব্ধ রয়েছে বিনামূল্যে আইনি সহায়তা এবং প্রতিনিধিত্ব সম্পর্কিত তথ্য।

যদি কর্তৃপক্ষ আপনাকে প্রদত্ত রিসেপশন সহায়তা কমানো বা বাতিল করার সিদ্ধান্ত নেয়, তবুও আপনার কিছু নির্দিষ্ট অধিকার থাকবে। আপনি যে ধরনের সহায়তা পাবেন তা আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজনের উপর নির্ভর করবে।

## যোগাযোগের তথ্য

যদি আপনার কোনো প্রশ্ন থাকে বা থাকার সময় সহায়তা প্রয়োজন হয়, আপনি এখানে কাজ করা কর্মীদের সঙ্গে কথা বলতে পারেন:

**সংশ্লিষ্ট কর্তৃপক্ষ**
আপনার নিজস্ব রিসেপশন সেন্টার (অভিবাসী কেন্দ্র)

**অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ**
অভিবাসন দপ্তর পিও বক্স ১০, এফআই-০০০৮৬ অভিবাসন দপ্তর,
ইমেল: migri@migri.fi

**আইনি পরামর্শ, আইনি সহায়তা এবং আইনি প্রতিনিধিত্ব**
আইনি সহায়তা অফিস এবং আইনজীবীরা আইনি সহায়তা প্রদান করে থাকেন। আপনি যদি আইনি সাহায্যকারীদের সম্পর্কে আরও তথ্য চান, তবে আপনার রিসেপশন সেন্টারে জিজ্ঞাসা করুন। Oikeuspalveluvirasto.fi/yhteystiedot

**ইউএনএইচসিআর (UNHCR - জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা)** রাজনৈতিক আশ্রয়প্রার্থী এবং শরণার্থীদের স্বার্থ ও অধিকার রক্ষা করে। নিকটতম ইউএনএইচসিআর (UNHCR) আঞ্চলিক প্রতিনিধি অফিস: দ্য ইউনাইটেড নেশনস হাই কমিশনার ফর রিফুজিস, UNHCR ঠিকানা: ওয়েনার-গ্রেন সেন্টার, সভিয়াভেগেন ১৬৬, ১১৩৪৬ স্টকহোম, সুইডেন ইমেল: swest@unhcr.org

**অন্যান্য যোগাযোগের তথ্য**
সমতা বিষয়ক লোকপাল পিও বক্স ২৪, এফআই-০০০২৩ ভালতিওনেউভোস্তো (সরকার), ইমেল: yvv@oikeus.fi, www.syrjinta.fi

যদি আপনার কোনো চিকিৎসাজনিত জরুরি অবস্থা দেখা দেয় কিংবা আপনি কোনো বিপদে পড়েন, তবে আপনি বিনামূল্যে এই জরুরি নম্বরে কল করতে পারেন: ১১২

এই ব্রোশিওরটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপকরণের মূল অংশটি সরবরাহ করেছে, এবং এই ব্রোশিওরটি পুনর্মুদ্রণ বা পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলোর জন্য EUAA কর্তৃক অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই ব্রোশিওরে অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো ব্যক্তি এই ব্রোশিওরে থাকা তথ্যের ব্যবহারের জন্য দায়িত্বশীল নয়।

© ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025

ISBN 000-00-00-00000-0
doi:00.0000/0000000
AA-00-00-000-BN-C